



**প্রকল্প পরিচালকের কার্যালয়  
পূর্বাচল নতুন শহর প্রকল্প  
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।**

নং- ২৫.৩৯.০০০০.১৪৬.১০.২০০১(অংশ-৩)-১৬১

তারিখঃ ২২/০৩/২০২৩ ইং

**লিখিত পরীক্ষা গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ বাস্তবায়নাধীন পূর্বাচল নতুন শহর প্রকল্পে বিভিন্ন পদে জনবল নিয়োগের লক্ষ্যে গত ১১/১২/২০২২ খ্রি. তারিখে দৈনিক ইতেফাক, দৈনিক জনকষ্ট, Bangladesh Observer এবং রাজউকের ওয়েবসাইটে প্রকাশিত পূর্বাচল প্রকল্পে নিয়োগ বিজ্ঞপ্তি নং- ১/২০২২ এর প্রেক্ষিতে বিভিন্ন পদে আবেদনকারী প্রার্থীগণের লিখিত পরীক্ষা নিয়োক্ত সময়সূচি মোতাবেক তাঁদের রোলের পার্শ্বে বর্ণিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে:

পদের নাম	রোল	তারিখ ও বার	সময়	পরীক্ষার কেন্দ্রের নাম
সহকারী প্রকৌশলী (পুর)	১০০১-১২৩০			
সহকারী স্থপতি	২০০১-২০৪৯			
উপ সহকারী প্রকৌশলী (পুর)	৩০০১-৩৭১৬			
উপ সহকারী প্রকৌশলী (বৈদ্যুতিক)	৪০০১-৪০১৫			
উপ সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)	৫০০১-৫০০৬			
উপ-সহকারী স্থপতি	৬০০১-৬০৩৩			
কানুনগো	৭০০১-৭০৪৬			
		৩১/০৩/২০২৩ ইং রোজ- শুক্রবার	সকাল ১০.০০-১১.০০ টা	বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ক্যাম্পাস, ঢাকা।

**পরীক্ষার্থীগণের জন্য পালনীয় নির্দেশনাবলি :**

- ১। ইতোমধ্যে প্রবেশপত্র পরীক্ষার্থীগণের উল্লিখিত ঠিকানায় প্রেরণ করা হয়েছে। লিখিত পরীক্ষার সময় সকল পরীক্ষার্থীকে প্রবেশপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে। প্রবেশপত্রটি পরবর্তীতে ব্যবহারের জন্য অবশ্যই সংরক্ষণ করতে হবে এবং প্রয়োজনমাফিক প্রদর্শন করতে হবে। মৌখিক পরীক্ষার জন্য আলাদা কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না। সঠিক আবেদনকারী কোন পরীক্ষার্থী প্রবেশপত্র না পেলে আগামী ২৮/০৩/২০২৩ হতে ৩০/০৩/২০২৩ ইং তারিখ অফিস চলাকালীন এক কপি ছবিসহ অফিসে যোগাযোগ করে প্রবেশপত্র সংগ্রহ করতে পারবে।
- ২। একজন প্রার্থী কেবল একটি পদের বিপরীতে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। একাধিক পদে আবেদনকারী প্রার্থীগণকে তাদের নিজস্ব অগ্রাধিকার বিবেচনায় যে কোন একটি পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের পরামর্শ দেয়া হলো।
- ৩। পরীক্ষার্থীগণকে পরীক্ষা শুরুর অন্তত ৩০ মিনিট পূর্বে পরীক্ষার হলে উপস্থিত হতে হবে। পরীক্ষা শুরু হওয়ার দশ মিনিট পর আর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা হলের ভেতরে প্রবেশ করতে দেওয়া হবে না।
- ৪। লিখিত পরীক্ষার সময় এক ঘন্টা এবং উক্ত সময় অতিক্রান্ত হওয়ার পূর্বে কোন অবস্থাতেই পরীক্ষার্থী পরীক্ষার হল ত্যাগ করতে পারবে না।
- ৫। পরীক্ষা চলাকালীন কোন পরীক্ষার্থী ক্যালকুলেটর ছাড়া কোন প্রকার ইলেক্ট্রনিক ডিভাইস এবং বই, খাতা কিংবা বাড়তি কাগজ সঙ্গে রাখতে পারবে না। লিখিত পরীক্ষায় নন-প্রোগ্রামেবল সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।
- ৬। পরীক্ষার চলাকালে পরীক্ষার্থীকে হাজিরা শিটে তাঁর আবেদনপত্রের অনুরূপ স্বাক্ষর প্রদান করতে হবে।
- ৭। লিখিত পরীক্ষার ফলাফল ও মৌখিক পরীক্ষার শিডিউল অতি দুর্ত রাজউকের নিজস্ব ওয়েবসাইট [www.rajuk.gov.bd](http://www.rajuk.gov.bd) এ প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষার পর পরীক্ষার্থীগণকে বর্ণিত ওয়েবসাইটে নজর রাখার পরামর্শ দেয়া হলো।
- ৮। পরীক্ষার সময় কোন প্রকার অসন্দুপায় অবলম্বন করলে অথবা কক্ষ পরিদর্শকের সহিত কোন প্রকার অসদাচরণ করলে তৎক্ষণিকভাবে উক্ত পরীক্ষার্থীকে বহিক্ষার করা হবে এবং তার বিরুদ্ধে উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৯। পরীক্ষার খাতায় কালো কালির বল পয়েন্ট কলম ব্যবহার করা বাধ্যতামূলক।
- ১০। লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩১/০৩/২০২৩

মোহাম্মদ মনিরুল হক

প্রকল্প পরিচালক

পূর্বাচল নতুন শহর প্রকল্প

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

ফোন- +৮৮০২২২৩০৫১১৭৪